বাংলাদেশ স্কাউটস
**৬ষ্ঠ জাতীয় কমডেকা- ২০১৮**
থীম ঃ "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"
কমডেকা সচিবালয়
জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
ফোন : +৮৮-০২-৯৩৩৩৬৫১/৯৩৪২০৫৮ ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪২২২৬
Web: scouts.gov.bd; E-mail: 6thnationalcomdeca@gmail.com

# পরিপত্র - ২

বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে আগামী ০৮-১২ মার্চ, ২০১৮ পর্যন্ত চাঁদপুর জেলার হাইমচর উপজেলার মেঘনা নদীর পূর্বপাড়ে মনোরম প্রাকৃতিক পরিবেশ বেষ্টিত সমতল ভূমি 'চরভাঙ্গা' এলাকায় "৬ষ্ঠ জাতীয় কমডেকা" অনুষ্ঠিত হবে। উক্ত কমডেকার থীম ঃ "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং" নির্ধারিত হয়েছে। উক্ত থীমকে সফল করার জন্য ১২টি চ্যালেঞ্জ/ লক্ষ্য ও কয়েকটি কেন্দ্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে কমডেকায় অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটরা স্থানীয় জনগণের সাথে মিলেমিশে সমাজ উন্নয়নমূলক কাজ করবে।

**কমডেকা প্রোগ্রাম :** কমডেকা স্কাউট ও রোভার স্কাউটদের জীবনের অন্যতম আকর্ষণীয় ও অত্যন্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম, যেখানে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ নিজেদের প্রশিক্ষণলব্ধ দক্ষতা প্রদর্শন, পরস্পরের সাথে বন্ধুত্ব স্থাপন ও স্থানীয় জনসাধারণের সাথে মিলেমিশে সমাজ উন্নয়নে নিজেদের সম্পৃক্ত করতে পারে। অংশগ্রহণকারীদের কাছে এবারের কমডেকাকে আকর্ষনীয়, উপভোগ্য, আনন্দদায়ক ও স্মরণীয় করে তোলার লক্ষ্যে শিক্ষণীয়, বৈচিত্র্যময় ও চ্যালেঞ্জিং কমডেকা প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে। এবারের কমডেকায় চ্যালেঞ্জসমূহ **'লক্ষ্য'** ও কেন্দ্রীয় অনুষ্ঠানসমূহ **'উদযাপন'** নামে পরিচিত হবে। নিম্নে কমডেকার লক্ষ্যগুলোর বিস্তারিত বর্ণনা উপস্থাপন করা হলো।

**লক্ষ্যসমূহ ঃ**

লক্ষ্য-০১: বিপি পিটি (BP PT)
লক্ষ্য-০২: তাঁবুকলা ( Camp Craft)
লক্ষ্য-০৩: অবস্ট্যাকল (Obstacle)
লক্ষ্য-০৪: ফান এন্ড গেম (Fun & Game)
লক্ষ্য-০৫: সমাজ সচেতনতা (Social Awareness)
লক্ষ্য-০৬: সমাজ সেবা (Community Service)
লক্ষ্য-০৭: হাইকিং (Hiking)
লক্ষ্য-০৮: ওয়াটার এক্টিভিটিজ (Water Activities)
লক্ষ্য-০৯: জিডিভি (GDV)
লক্ষ্য-১০: ফেইথ এন্ড বিলিভ (Faith & Believe)
লক্ষ্য-১১: মুক্ত সময় (Free Time)
লক্ষ্য-১২: ক্যাম্পফায়ার (Campfire)

**উদযাপনসমূহ ঃ**

উদযাপন-০১: উদ্বোধনী অনুষ্ঠান (Opening Ceremony)
উদযাপন-০২: টপ অ্যাচিভারস গ্যাদারিং (Top Achievers Garthering )
উদযাপন-০৩: উডব্যাজার গ্যাদারিং (Woodbadger Gathering )
উদযাপন-০৪: ভলান্টিয়ারস নাইট (Volunteers Night)
উদযাপন-০৫: গ্র্যান্ড ক্যাম্প ফায়ার ও সমাপনী অনুষ্ঠান (Grand Campfire & Closing Ceremony)

**লক্ষ্য-০১: বিপি পিটি ঃ**

এই লক্ষ্যের আওতায় বিপি-র ৬টি পিটি, প্যারেড ও এরোবিক্স অনুষ্ঠিত হবে। প্রতিদিন ভোরে দলের সকল রোভার স্কাউট ও স্কাউট সদস্যরা এই কার্যক্রমে অংশ নেয়ার মাধ্যমে সুস্থ, সবল ও সুন্দরভাবে ক্যাম্প জীবন পরিচালনা করার দক্ষতা অর্জন করবে।

ড্রেস কোডঃ শারীরিক কসরত উপযোগী পোশাক ও কেডস্।

**লক্ষ্য-০২: তাঁবুকলা ঃ**
তাঁবু জীবন আনন্দময় ও আরামদায়ক করাই এই 'লক্ষ্য' এর মূল উদ্দেশ্য। এই 'লক্ষ্য' বাস্তবায়নে অংশগ্রহণকারীরা তাদের অস্থায়ী আবাসস্থলটি স্কাউট দক্ষতার মাধ্যমে নিজস্ব পরিকল্পনা মাফিক পরিপাটি করে সাজিয়ে রাখবে। তাঁবু এলাকার সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার পাশাপাশি তাঁবু বাসের নিয়মাবলী মেনে সার্বক্ষণিক সুশৃঙ্খল থাকতে হবে। নির্ধারিত সময় ছাড়াও সাব ক্যাম্প কর্মকর্তাগণ অনানুষ্ঠানিকভাবে তাঁবু এলাকা পরিদর্শন করে মূল্যায়ন করবেন। গ্যাজেট বানানো ও অন্যান্য তাঁবু সজ্জার উপকরণ হিসেবে কৃত্রিম বা পরিবেশের জন্য ক্ষতিকর এমন কিছুর ব্যবহার না করা বাঞ্ছনীয়। উভয় মূল্যায়নের উপর ভিত্তি করে গৌরব পতাকা প্রদান করা হবে।

ড্রেস কোডঃ স্কাউট ইউনিফর্ম।

**লক্ষ্য-০৩: অবস্ট্যাকল ঃ**
কমডেকার একটি অত্যন্ত রোমাঞ্চকর চ্যালেঞ্জ বা কার্যক্রম হলো অবস্ট্যাকল। একজন স্কাউট/ রোভার স্কাউটকে সাহসী, উদ্যমী ও কষ্টসহিষ্ণু হিসেবে তৈরি করতে সাহায্য করার পাশাপাশি এই লক্ষ্য এর মাধ্যমে স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ তাদের সাহসী মনোভাবের বহিঃপ্রকাশ ঘটাতে সক্ষম হবে। এই কার্যক্রমে তারা অব্যাহত বাধা, রক ক্লাইম্বিং, স্পাইরাল নেট, টায়ার পাসিং, ক্রোলিং, এরিয়েল রানওয়ে, কমান্ডো ব্রিজ, ফ্রেঞ্চ ট্রেপেজ, রোপ মাংকি ব্রিজ, লিফট অ্যান্ড রোপ, হ্যান্ড ওয়ার্ক, রহস্যময় গুহা ইত্যাদিসহ বিভিন্ন প্রতিবন্ধকতার সম্মুখীন হবে। নিজ দক্ষতা, ইচ্ছাশক্তি ও জয়ী হওয়ার জন্যে অংশগ্রহণকারীদের পথের বাধা অতিক্রম করে নির্দিষ্ট গন্তব্যে পৌছাতে হবে। অংশগ্রহণকারীদের ইউনিট ভিত্তিক নির্দিষ্ট সময়ের মধ্যে সবগুলো চ্যালেঞ্জ বা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

ড্রেস কোডঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**লক্ষ্য-০৪: ফান এন্ড গেম ঃ**
নির্মল আনন্দ বিনোদনের জন্য বা মন ও শরীরকে সুস্থ রাখার অন্যতম মাধ্যম খেলাধুলা। মানসিক ও শারীরিক উন্নতির জন্যও খেলাধুলার বিকল্প নেই। পেশা হিসেবে খেলাধুলাকে বেছে নেয়ার জন্য উদ্বুদ্ধ করা ও বন্ধুত্বসুলভ প্রতিযোগিতা করার মনোভাব গড়ে তোলার জন্য এই লক্ষ্যকে আকর্ষনীয় করে সাজানো হয়েছে। এটি সাজানো হয়েছে অনেকগুলো দেশীয় হারিয়ে যাওয়া খেলা নিয়ে। মোরগ লড়াই, দাড়িয়াবান্ধা, হা ডু ডু, কানামাছি, গোল্লাছুট, ডাংগুলি, ইচিং-বিচিং, ওপেন টু বায়োস্কোপ ইত্যাদি খেলা স্কাউটদের দেশীয় খেলার সাথে পরিচিত হতে সহায়ক হবে। পাশাপাশি বর্তমান জনপ্রিয় খেলাগুলোও যেমনঃ ক্রিকেট, ফুটবল, ভলিবল, ব্যাডমিন্টন ইত্যাদি এই "লক্ষ্যে" অন্তর্ভুক্ত করা হয়েছে।

ড্রেস কোডঃ খেলাধুলা উপযোগী পোশাক।

**লক্ষ্য-০৫: সমাজ সচেতনতা ঃ**
সমাজ সচেতনতা লক্ষ্য এর মাধ্যমে অংশগ্রহণকারীরা শিশু নিরাপত্তা, চিকিৎসা নিরাপত্তা, খাদ্য নিরাপত্তা, সোলার নিরাপত্তা, দুর্যোগকালীন নিরাপত্তা সম্পর্কে জানার পাশাপাশি শিক্ষার গুরুত্ব, আর্সেনিক, বাল্যবিবাহ, বিদ্যুৎ সাশ্রয়, সোলার পাওয়ার ব্যবহার ও মাদক সমস্যার বিষয়ে অবগত হতে পারবে। এছাড়া কৃষি কাজে উন্নত পদ্ধতি, সার ও বীজের ব্যবহার, গবাদি পশুর স্বাস্থ্য ও বাড়ীর আঙ্গিনায় বাগান সম্প্রসারণ সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবেন। উপর্যুক্ত বিষয়সমূহ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য অংশগ্রহণকারীগণের প্রয়োজনীয় প্লেকার্ড, পোস্টার, কার্টুন, সাজসজ্জা এবং নাটিকা ইত্যাদির প্রস্তুতি নিয়ে আসতে হবে।

ড্রেস কোডঃ স্কাউট ইউনিফর্ম।

**লক্ষ্য-০৬: সমাজ সেবা ঃ**
এই লক্ষ্যটিতে অংশগ্রহণকারীরা উৎসাহ এবং উদ্দীপনা নিয়ে স্থানীয় গ্রামবাসীদের মধ্যে সমাজসেবামূলক কাজ করবে। এই লক্ষ্যের আওতায় স্কাউট ও রোভার স্কাউটরা রাস্তাঘাট মেরামত, ফলজ, বনজ ও ওষধি গাছের চারা রোপন ও বীজ বিতরণ, শিক্ষা উপকরণ বিতরণ, ফ্রি মেডিক্যাল ক্যাম্প, দেশীয় গবাদি পশু-পাখি পালন ও চিকিৎসা প্রদান, বন্ধু চুলা ও জৈব সার তৈরি এবং এর ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ, আর্সেনিক পরীক্ষা ইত্যাদি হাতে কলমে করার মাধ্যমে সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালনের চর্চা করতে সক্ষম হবে। এছাড়াও অংশগ্রহণকারীরা সবজির বীজ বপন (ঢেড়স, ডাটা, লালশাক, বেগুন, টমেটো ও মরিচ) করবে এবং জমি থেকে আলু উত্তোলন করবে।

ড্রেস কোডঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**লক্ষ্য-০৭: হাইকিংঃ**

এই লক্ষ্য হবে খুবই রোমাঞ্চকর। উপস্থিত বুদ্ধি, কৌশল ও সাহসের সাথে এই লক্ষ্য অতিক্রম করতে হবে। কমডেকায় হাইকিংকে দুই ভাগে ভাগ করা হয়েছে। স্কাউটরা দিনে এবং রোভার স্কাউটরা রাতে হাইক করবে।

- স্কাউটরা ফিল্ডবুক, ট্র্যাকিং সাইন, তথ্যচিত্র, ধাঁধা, কোড-সাইফার ইত্যাদি ব্যবহার করে গন্তব্যস্থানে পোঁছে ব্যাকউডস ম্যান কুকিং সম্পন্ন করে তাদের হাইকিং পরিসমাপ্তি করবে। কয়েকটি টাস্ক সম্পন্ন করার মাধ্যমে হাইকিং লক্ষ্যটি অংশগ্রহণকারী স্কাউটরা উপভোগ করবে। হাইকিং শেষে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ ফিল্ডবুক, ম্যাপ ও প্রতিবেদন হাইক মাস্টারের নিকট জমা দিতে হবে।

- রোভার স্কাউটদের জন্য হাইকিং সাজানো হয়েছে রোমাঞ্চকর এবং সাহসী উদ্দীপনায়। প্রযুক্তি ব্যবহারে পাশাপাশি কমডেকার থিমের আলোকে সমাজসেবামূলক কার্যক্রমের সংমিশ্রণে রোভার স্কাউটদের হাইকিং পরিচালিত হবে। রোভার স্কাউটদের হাইকিং শুরু হবে পড়ন্ত বিকেলে। অংশগ্রহণকারীরা প্রথমে আধুনিক প্রযুক্তি এবং ইন্টারনেট এর ব্যবহারের মাধ্যমে হাইকিং শুরু করে কিছু রোমাঞ্চকর টাস্কের সম্মুখীন হবে । কৌশল, দক্ষতা ও সাহসের সাথে তা অতিক্রম করে অংশগ্রহণকারীরা গোপন বার্তা উদ্ধারের মাধ্যমে পরবর্তী টাস্কের জন্য প্রয়োজনীয় নির্দেশনা পাবে। সন্ধ্যায় নির্দিষ্ট প্রদীপ অথবা আলোক দ্রুতির মাধ্যমে ফিল্ডবুক প্রস্তুত করে গন্তব্য স্থানে পৌঁছাবে। তারপর তারা ব্যাকউডস ম্যান কুকিং এবং ফিল্ডবুক, ম্যাপ ও প্রতিবেদন প্রস্তুত করে তাঁবু জলসার প্রস্তুতি নিবে। হাইক সম্পন্ন করতে প্রত্যেক ইউনিটের ইন্টারনেট ডাটা প্যাকেজসহ ন্যূনতম একটি স্মার্টফোন প্রয়োজন হবে।

হাইক রিপোর্টের জন্য প্রয়োজনীয় কাগজ, কলম, পেন্সিল, রুলার, ইরেজার, কম্পাস, ব্যাকউডস ম্যান কুকিং এর দ্রব্যাদি এবং রাত্রি যাপনের জন্য প্রয়োজনীয় সামগ্রী সাথে নিতে হবে।

ড্রেস কোডঃ স্কাউট ইউনির্ফম।

**লক্ষ্য-০৮: ওয়াটার এক্টিভিটিজঃ**

কমডেকায় অংশগ্রহণকারী রোভার স্কাউট/স্কাউটদের শারীরিক ও মানসিক বিকাশ এবং সমাজ সেবার পাশাপাশি কাঁদা ও অগভীর পানিতে ওয়াটার এক্টিভিটিজ লক্ষ্যটি বাস্তবায়ন করা হবে। অংশগ্রহণকারীরা ওয়াটার এক্টিভিটিজ জোনে রিপোর্ট করার পর স্টেশন মাস্টারের নির্দেশে ওয়াটার হ্যান্ডবল, ওয়াটার ভলিবল, নৌকা বাইচ, সুইমিং রেস, খাল/পুকুর পারাপার, টিউব রেস, মাছ ধরা, তথ্য প্রেরণ, বালিশ লড়াই, দড়ি দিয়ে সাঁকো পাড় ইত্যাদি কার্যক্রমে অংশ নেবে। উল্লেখ্য, এই লক্ষ্যে অংশগ্রহণকারীদের পানিতে নামার মতো উপযোগী পোশাক পরিধান করার পাশাপাশি অবশ্যই সাঁতার জানতে হবে।

ড্রেস কোডঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**লক্ষ্য-০৯: জিডিভি ঃ**

বর্তমান তথ্য প্রযুক্তি ও গ্রাম বাংলার ঐতিহ্য তুলে ধরার পাশাপাশি কমডেকায় অংগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটদের নিকট আকর্ষণীয় ও প্রাঞ্জল করে তোলার জন্য কমডেকায় এ লক্ষ্যটি অন্তর্ভূক্ত করা হয়েছে। এ লক্ষ্যের মাধ্যমে সচেতনতামূলক বিভিন্ন কার্যক্রমও রাখা হয়েছে। জিডিভিতে অংশগ্রহণ করে স্কাউট/রোভার স্কাউটবৃন্দ সমাজ সেবার মাধ্যমে মানুষের পাশে দাড়ানোর জন্য উদ্বুদ্ধ হবে। এছাড়াও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা, এনজিও এবং বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণের মাধ্যমে দেখে শেখা, বিভিন্ন স্টলে দেশীয় সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, পরিবেশ ও স্বাস্থ্য সচেতনতামূলক বার্তা প্রদর্শন করা হবে। এ চ্যালেঞ্জ-এ শিশু মৃত্যুর হার কমানো, শিশুর টিকা দান, বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন বিষয়ক ডকুমেন্টারী, নাটিকা এবং ভিডিও উপস্থাপন করা হবে। স্কাউট/রোভার স্কাউটদের স্কাউট সম্পর্কে বিভিন্ন বিষয়ে অধিক জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন স্টলে স্কাউটিং বই ও পত্র-পত্রিকা রাখা হবে। এ চ্যালেঞ্জে দেশীয় ঐতিহ্য যেমনঃ পুতুল নাচ, মোরগ লড়াই, সাপখেলা, লাঠি খেলা, গম্ভীরাসহ আকর্ষণীয় উপস্থাপনা থাকবে। বর্তমানে আমাদের দেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে দ্রুত এগিয়ে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় স্কাউট ও রোভার স্কাউটগণ কম্পিউটার, ল্যাপটপ, ইন্টারনেট, ফেসবুক, গুগল, ইউটিউব, টুইটার, ফ্রিল্যান্সিং, আউটসোর্সিং সম্পর্কে ধারণা নিতে পারবে। জিডিভিতে প্রদর্শিত বিষয়গুলো অংশগ্রহণকারীরা ভালোভাবে অনুধাবন করবে ও এ বিষয়ে জ্ঞান অর্জন করবে।

- **জ্ঞান সমৃদ্ধঃ** জিডিভিতে প্রবেশ এর সময় প্রতিটি ইউনিটকে একটি ১০০ নম্বরের প্রশ্নপত্র সরবরাহ করা হবে। এসকল প্রশ্নের উত্তর জিডিভি এর বিভিন্ন স্টল হতে সংগ্রহ করতে ও জানতে পারবে। জিডিভি হতে চলে আসার পূর্বে সেই প্রশ্নপত্র জমা দিতে হবে। এই প্রশ্নপত্র মূল্যায়ন করে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১০ টি ইউনিটকে জিডিভি এর সমাপনী দিনে পুরস্কৃত করা হবে।

- **স্টল পরিদর্শনঃ** স্কাউট/রোভার স্কাউটরা জিডিভিতে স্থাপিত স্টলসমূহ পরিদর্শন এর সুযোগ পাবে। জিডিভি এর স্টল পরিদর্শনের ফলে একজন স্কাউট/রোভার স্কাউট সমাজ সেবা ও যে কোন প্রকার দুর্যোগে পাশে দাঁড়ানোর জন্য করণীয় বিষয়ক অনেক তথ্য সংগ্রহ করতে পারে। জিডিভি স্টলসমূহ হতে নাগরিক সেবাসমূহ প্রাপ্তির মাধ্যম ও তথ্য সংগ্রহ এর উপায়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মাধ্যম এবং এর প্রয়োজনীয়তা, পাসপোর্ট ফরম পূরণের পদ্ধতি এবং পাসপোর্ট তৈরীর ধাপসমূহ, ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত করার পদ্ধতি ও ধাপসমূহ, বিদ্যুৎ বিল প্রদান এর মাধ্যম এবং বিদ্যুৎ এর নতুন সংযোগ প্রাপ্তির জন্য করণীয়সহ বিভিন্ন তথ্য জানতে পারবে। আরও জানতে ও পরামর্শ নিতে পারবে আধুনিক কৃষি প্রযুক্তির কৌশল, হাইড্রোপনিক, একুয়াপনিকসহ বিভিন্ন আধুনিক কৃষির কলাকৌশল, মাটি সংরক্ষণ এর দিক নির্দেশনা এবং গবাদি পশুর স্বাস্থ্য বিষয়ক তথ্য। এছাড়াও পরিবর্তনশীল এই বিশ্বে নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন যেমন স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি, স্যানিটেশন, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ, অগ্নি নির্বাপন, শিশু স্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য, শিশু মৃত্যুহার কমানো, ডেঙ্গু, ম্যালেরিয়া, চিকুনগুনিয়া ইত্যাদি সম্পর্কে জানতে পারবে। এ সকল বিষয়ে জ্ঞান অর্জনের মাধ্যমে স্কাউট/রোভার স্কাউটরা একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমরা আশা করছি।

- **মাই জোনঃ** জিডিভিতে মাই জোন নামে একটি জোন স্থাপিত হবে। সে জোন-এ স্কাউট/রোভার স্কাউটরা তথ্য প্রযুক্তি বিষয়ক বিভিন্ন তথ্য জানতে পারবে ও প্রশ্ন করতে পারবে, যাদের কোন ই-মেইল ঠিকানা নাই তারা বিনা খরচে মেইল খোলার সুযোগ পাবে এবং নিজের সৃজনশীল চিন্তাশক্তি দ্বারা উদ্ভাবিত যুগোপযোগী বিজ্ঞান ভিত্তিক উদ্ভাবন ও তথ্য প্রযুক্তি বিষয়ক উদ্ভাবন সেখানে উপস্থাপন এর সুযোগ পাবে। এজন্য স্কাউট/রোভারদের তাদের প্রজেক্ট/উদ্ভাবন পূর্বেই তৈরী করে নিয়ে আসতে হবে। প্রতিটি ইউনিট থেকে একটি মাত্র উদ্ভাবন বা প্রজেক্ট প্রদর্শনের সুযোগ থাকবে। এই জোন এর মাধ্যমে আমাদের স্কাউট/রোভার স্কাউটরা নতুন উদ্ভাবন সম্পর্কে আগ্রহী হবে এবং নতুন কিছু উদ্ভাবন এর মাধ্যমে দেশের অগ্রযাত্রায় পরবর্তীতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমরা আশা করছি।

- **সেমিনারে অংশগ্রহণঃ** জিডিভিতে অংশগ্রহণকারী স্কাউট/রোভার স্কাউট এর মধ্য হতে প্রতিটি ইউনিট এর ১/২ জন স্কাউট/রোভার স্কাউট এ সেমিনারে অংশগ্রহণের সুযোগ পাবে। সেমিনারে অংশগ্রহণের মাধ্যমে স্কাউট/রোভার স্কাউটরা বিভিন্ন তথ্য বিস্তারিত জানতে পারবে ও পরবর্তীতে ইউনিটের সকল সদস্যদের জানাতে পারবে। সেমিনারের বিষয় (রোভারদের জন্য)ঃ রক্ত দানে উৎসাহিতকরণ বিষয়ক/সাইবার ক্রাইম-সচেতনতা বিষয়ক এবং (স্কাউটদের জন্য) ঃ তথ্য প্রযুক্তি ব্যবহারে সতর্কতা / দুর্যোগে সাড়া দান।

- **অগ্নি নির্বাপণঃ** বাংলাদেশ ফায়ার সার্ভিসের নেতৃত্বে অগ্নি নির্বাপণের একটি মহড়া অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীরা অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজের মহড়া দেখে এর কৌশলসমূহ সম্পর্কে জানতে ও আয়ত্ব করতে সক্ষম হবে।

- **সাংস্কৃতিক উৎসবঃ** আমাদের দেশ উৎসবের দেশ। বিভিন্ন দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্য রয়েছে আমাদের দেশের। দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যকে নুতন প্রজন্মের সামনে তুলে ধরার জন্য প্রদর্শনী চত্বরে বিভিন্ন লোকজ-সংগীত, নৃত্য পরিবেশনা এবং সংস্কৃতি ও ঐতিহ্যের উপর নাটিকা প্রদর্শনের সুযোগ পাবে। উৎসবে অবশ্যই ইউনিট/ কন্টিনজেন্ট ভিত্তিক উপস্থাপনায় অংশ নিতে হবে।

ড্রেস কোডঃ স্কাউট ইউনিফর্ম।

**লক্ষ্য-১০: ফেইথ এন্ড বিলিভঃ**

এই লক্ষ্যের মাধ্যমে অংশগ্রহণকারীরা আমাদের চারটি প্রধান ধর্মের মূল বিষয়সমূহের সাথে স্কাউটিং ও সমাজ সেবার সম্পৃক্ততা নিয়ে ধর্মীয় ভাব গাম্ভীর্যের সাথে উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে প্রশ্ন উত্তরের মাধ্যমে নিজেদের জ্ঞান সমৃদ্ধ করার সুযোগ পাবে। প্রধান চার ধর্মের ধর্মীয় বিশেষজ্ঞগণ উপস্থিত থেকে স্কাউট ও রোভার স্কাউটদের বিভিন্ন প্রশ্নের জবাব দিবেন।

ড্রেস কোডঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**লক্ষ্য-১১: মুক্ত সময়ঃ**

মুক্ত সময়ের স্বাধীনতা একান্তই অংশগ্রহণকারীদের। এ লক্ষ্যের মাধ্যমে অংশগ্রহণকারীরা অন্য ইউনিটের সদস্যদের সাথে যোগাযোগ, বন্ধুত্ব, সোয়াপিং ইত্যাদির মাধ্যমে নিজেদের যোগাযাগ দক্ষতা বৃদ্ধির পাশাপাশি নির্মল আনন্দ ও বিনোদনের সুযোগ পাবে।

ড্রেস কোডঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**লক্ষ্য-১২: ক্যাম্পফায়ার ঃ**
স্বতঃস্ফূর্ত আনন্দ উপভোগের মাধ্যমে স্কাউট ও রোভার স্কাউটদের সজীবতা ও প্রাণচাঞ্চল্য ধরে রাখার লক্ষ্যে দলীয় ও নিজস্ব ধ্যান-ধারণায় চিত্তবিনোদনের জন্য ক্যাম্পফায়ার স্কাউটিংয়ের অবিচ্ছেদ্য অংশ। স্কাউটিং এর প্রচলিত নিয়মানুযায়ী ক্যাম্প ফায়ার পরিচালিত হবে। ইউনিটভিত্তিক এবং কন্টিনজেন্টভিত্তিক এই দুইভাবে ক্যাম্প ফায়ারে অংশগ্রহণ করা যাবে। দেশাত্মবোধক গান, আঞ্চলিক গান, লোক নৃত্য, নাট্যাভিনয়, লোকগীতি এবং সময়োপযোগী মানানসই, আকর্ষণীয় ও শিক্ষামূলক বিষয় প্রাধান্য পাবে।

ড্রেস কোড ঃ লক্ষ্য উপযোগী পোশাক।

**উদযাপসমূহ :** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় নিম্নবর্ণিত অনুষ্ঠানসমূহ উদযাপন করা হবে ঃ

**উদযাপন-০১: উদ্বোধনী অনুষ্ঠানঃ**
কমডেকায় একটি উদ্বোধনী অনুষ্ঠান থাকবে। পরিপাটি স্কাউট পোশাকে দলীয় স্কাউট পতাকা নিয়ে সকল অংশগ্রহণকারীকে অনুষ্ঠান স্থলে উপস্থিত হতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে চূড়ান্ত মহড়া অনুষ্ঠিত হবে।

**উদযাপন-০২: টপ অ্যাচিভারস গ্যাদারিং ঃ**
একজন স্কাউট ও রোভার স্কাউটের স্কাউটিং জীবনের সর্বোচ্চ স্বীকৃতি হল যথাক্রমে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড। এই অ্যাওয়ার্ড অর্জনকারীদের সংগঠন হল "বাংলাদেশ এসোসিয়েশন অব টপ এচিভার স্কাউটস (বি-এটাস)"। এবারের কমডেকায় ১ম বারের মত বি-এটাস এর আয়োজনে টপ এচিভারদের মিলনমেলা অনুষ্ঠিত হবে। আকর্ষণীয় প্রোগ্রামের পাশাপাশি এবারের মিলনমেলায় বি-এটাস এবং এটাস-এর সদস্য হওয়ার সুযোগ থাকবে। টপ এ্যাচিভারস রিইউনিয়ন-এ অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি ২০০.০০ (দুইশত) টাকা মাত্র, যা আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ এর মধ্যে পরিশোধ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

**উদযাপন-০৩: উডব্যাজারস গ্যাদারিং ঃ**
বিভিন্ন শাখায় উডব্যাজপ্রাপ্ত স্কাউটারদের নিয়ে কমডেকা চলাকালীন উডব্যাজধারীদের মিলনমেলা অনুষ্ঠিত হবে। মেঘনা পাড়ের উডব্যাজ মিলনমেলা স্মরণীয় করে রাখতে সেখানে থাকবে রোমাঞ্চকর ও আকর্ষণীয় প্রোগ্রাম। উডব্যাজারস গ্যাদারিং-এ অংশগ্রহণের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন ফি ২০০.০০ (দুইশত) টাকা মাত্র আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ এর মধ্যে পরিশোধ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

**উদযাপন-০৪: ভলান্টিয়ারস নাইট ঃ**
একটি ক্যাম্প এর সফল বাস্তবায়নের জন্য ভলান্টিয়াররা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ও নিরলস পরিশ্রম করে থাকে। ভলান্টিয়ারদের কাজের উৎসাহ উদ্দীপনা বাড়ানোর জন্য ক্যাম্পে ভলান্টিয়ারদের গ্যাদারিং বা মিলনমেলা 'ভলান্টিয়ারস নাইট' আয়োজন করা হবে। ভলান্টিয়ারস নাইটে শুধুমাত্র কমডেকায় সেবাদানকারী রোভারগণ অংশগ্রহণ করবে। ভলান্টিয়ারস নাইটের নির্ধারিত রেজিস্ট্রেশন ফি ১০০.০০ (একশত) টাকা মাত্র আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ এর মধ্যে পরিশোধ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। ভলান্টিয়ারস নাইটে রোভারদের মধ্য থেকে নাচ, গান, কবিতা, নাটিকা ইত্যাদি উপস্থাপনার সুযোগ থাকবে। এছাড়াও ভলান্টিয়ারস নাইটে আকর্ষণীয় খেলার আয়োজন করা হবে।

**উদযাপন-০৫: গ্র্যান্ড ক্যাম্প ফায়ার ও সমাপনী অনুষ্ঠানঃ**
পর্যায়ক্রমে সাবক্যাম্প ও ভিলেজ ভিত্তিক তাঁবু জলসার মাধ্যমে বাছাইকৃত সেরা উপস্থাপনাসমূহের সমন্বয়ে গ্র্যান্ড ক্যাম্পফায়ার ও সমাপনী অনুষ্ঠান উদযাপন করা হবে।

৬ষ্ঠ জাতীয় কমডেকার তারিখ ও সময়ভিত্তিক বিস্তারিত কর্মসূচি এবং উদযাপন ২,৩ ও ৪ এর রেজিস্ট্রেশন ফরম সংযুক্ত করা হলো।

৬ষ্ঠ জাতীয় কমডেকা এর সকল প্রোগ্রাম সুষ্ঠু, সুন্দর ও সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সভাপতি
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
ও
জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস)
বাংলাদেশ স্কাউটস
এবং
সচিব, রেলপথ মন্ত্রণালয়

স্মারক নং ঃ বাঃ স্কাঃ (৬ষ্ঠ জাঃ কমডেকা)/১৯৮৮(৪৮০)/২০১৮

তারিখ ঃ ২৩ মাঘ ১৪২৪ / ৫ ফেব্রুয়ারি ২০১৮

**বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
২। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩। আঞ্চলিক উপ কমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৫। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৬। সভাপতি, জেলা স্কাউটস ও জেলা রোভার এবং জেলা প্রশাসক, সকল ;
৭। জেলা সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/ জেলা রেলওয়ে/ জেলা নৌ/ জেলা এয়ার ;

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস ;
২। ৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটির সদস্য (সকল),বাংলাদেশ স্কাউটস ;

**সদয় জ্ঞাতার্থে ঃ**

১। ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস এবং সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

০৫/২/১৮

(আরশাদুল মুকাদ্দিস)
সদস্য সচিব
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
ও
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

| উদযাপনের নাম (টিক দিন) |
|---|
| ☐ টপ অ্যাচিভারস গ্যাদারিং |
| ☐ উডব্যাজারস গ্যাদারিং |
| ☐ ভলান্টিয়ারস নাইট |

**বাংলাদেশ স্কাউটস**

**৬ষ্ঠ জাতীয় কমডেকা- ২০১৮**

থীম ঃ "টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"

**কমডেকা সচিবালয়**

জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

ফোন : +৮৮-০২-৯৩৩৩৬৫১/৯৩৪২০৫৮ ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪২২২৬

Web: scouts.gov.bd, E-mail: 6thnationalcomdeca@gmail.com

১। নামঃ ক) বাংলা

খ) ইংরেজী ঃ

২। ঠিকানাঃ ক) বর্তমান ঠিকানা ঃ

খ) স্থায়ী ঠিকানা ঃ

৩। ই-মেইল এড্রেস ঃ

৪। মোবাইল নম্বর ঃ

৫। জন্ম তারিখঃ　　৬। শিক্ষাগত যোগ্যতাঃ

৭। পেশা ঃ

৮। স্কাউটিং বিষয়ক তথ্যাদিঃ

| ইউনিটের নাম (যে ইউনিটের সাথে সম্পৃক্ত ছিলেন/আছেন) | সার্টিফিকেট নম্বর ও তারিখ (প্রেসিডেন্ট'স স্কাউট, প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড/ উডব্যাজ/এএলটি/এলটি) | স্কাউটিংয়ে সম্পৃক্ততার সময়কাল |
|---|---|---|
| | | |

৯। স্কাউট পদবী (যদি থাকে) ঃ

১০। জেলা ও আঞ্চলিক স্কাউটসের নাম ঃ

**রেজিস্ট্রেশন ফি প্রদানের তথ্য :**

| ফি প্রদানের মাধ্যম : | ☐ পে অর্ডার ☐ ব্যাংক ড্রাফট ☐ নগদ |
|---|---|
| পে অর্ডার/ড্রাফট নম্বর ও তারিখ: | |
| ব্যাংকের নাম : | |

স্বাক্ষর ও তারিখ ঃ